# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

একাডেমিক ও স্কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)

ইমেইল : academic@pust.ac.bd


স্মারক নং- পাবিপ্রবি/একা/৯২/৭৪৯ তারিখ: ০৩/১২/২০২৫ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নিম্নলিখিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহব্বান করা যাচ্ছে।

১. **ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের যোগ্যতা নিম্নরুপ:**

ক) এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এসসি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ (অথবা ৫০% নম্বর) ডিগ্রী থাকতে হবে।

খ) চাকুরীরত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খণ্ডকালীন ছাত্র হিসাবে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

গ) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।

২. **আবেদনের সময়সীমা ও অন্যান্য তথ্য:**

ক) ০৩/১২/২০২৫ খ্রি. থেকে ২১/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম উত্তোলন ও জমা দেওয়া যাবে।

খ) আবেদনকৃত শিক্ষার্থীদের জনতা ব্যংক লিমিটেড, পাবিপ্রবি শাখার নির্ধারিত হিসাব (সিএসই বিভাগ: ০১০০১৫৬৬৯৮৪৫২ এবং আইসিই বিভাগ: ০১০০১৫৬৮৮০৭৫৭) নম্বরে আবেদন ফরমের মূল্য বাবদ ১০০০/- টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

গ) দরখাস্তের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ও সকল পরীক্ষা পাশের সনদপত্র, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৩. **ভর্তি পরীক্ষার তারিখ ও ফলাফল প্রকাশ:**

ভর্তি পরীক্ষা আগামী ১০/০১/২০২৬ খ্রি. তারিখে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে সকাল ১০.৩০ ঘটিকায় এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগে দুপুর: ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

৪. **ভর্তি পরীক্ষার স্থান ও আসন সংখ্যা:**

ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগ ।

খ) **আসন সংখ্যা:** ৪০ টি।

৫. **ফলাফল প্রকাশ:**

ক) ১১/০১/২০২৬ খ্রি. তারিখ ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা হবে।

৬. **ভর্তি ফি সমূহ:**

ক) নির্বাচিত প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে বিবেচিত হলে আগামী ২১/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি সমূহ জমাদান পূর্বক ভর্তি হতে পারবে। বিস্তারিত তথ্যের জন্য বিভাগীয় চেয়ারম্যান এর কার্যালয় এবং একাডেমিক ও স্কলারশিপ শাখায় যোগাযোগ করা যেতে পারে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট- www.pust.ac.bd হতে তথ্য জানা যাবে।

৭. **ক্লাস শুরুর তারিখ:** ২৪/০১/২০২৬ খ্রি.

০৩/১২/২০২৫

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,
পাবনা।

# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

**একাডেমিক ও স্কলারশিপ শাখা**

**রেজিস্ট্রার এর কার্যালয়**

টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)

ইমেইল : academic@pust.ac.bd


স্মারক নং- পাবিপ্রবি/একা/৯২/ ৭৪১/২০ তারিখ: ০৩/১২/২০২৫ খ্রি.

*অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ*

১) ডিন, ইঞ্জি: এন্ড টেকনোলজি অনুষদ, পাবিপ্রবি;
২) চেয়ারম্যান, সিএসই/ ইইই/ ইইসিই/ আইসিই/ সিভিল ইঞ্জি./ আর্কিটেকচার/ নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, পাবিপ্রবি;
৩) প্রভোস্ট, (স্বাধীনতা হল, জুলাই ৬ হল, মাতৃভাষা হল ও গণতন্ত্র হল) পাবিপ্রবি;
৪) পরিচালক (অনারারি), আইসিটি সেল, পাবিপ্রবি; (সংযুক্ত বিজ্ঞপ্তিটি এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযুক্ত করার অনুরোধ করা হলো);
৫) পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), পাবিপ্রবি;
৬) অতিরিক্ত-পরিচালক, জনসংযোগ দপ্তর, পাবিপ্রবি;
৭) প্রটোকল অফিসার, পাবিপ্রবি; (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) পি.এস.টু প্রো-ভিসি, পাবিপ্রবি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯) পি.এ টু ট্রেজারার, পাবিপ্রবি (ট্রেজারারমহোদয়ের সদয় অবগতির জন্য);
১০) অফিস কপি।

০৩.১২.২০২৫

**(মোঃ ফজলে রাব্বী খান)**
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (শিক্ষা)
একাডেমিক ও স্কলারশিপ শাখা
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
মোবাইল নম্বর: ০১৭১১-৩৮১১১৮